

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

নম্বরঃ ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১২-৩৬৭

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৪
২৩ নভেম্বর ২০১৭

বিষয়: বি.সি.এস. প্রশাসন একাডেমিতে অনুষ্ঠেয় ১৭তম “নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের প্রশিক্ষণ” কোর্সে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস. প্রশাসন একাডেমিতে অনুষ্ঠেয় আগামী ২৫-০২-১৮ হতে ০৮-০৩-১৮ তারিখ পর্যন্ত ০২(দুই) সপ্তাহ মেয়াদে ফৌজদারী কার্যবিধি ও মোবাইল কোর্টের বিষয়ে ১৭তম “নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের প্রশিক্ষণ” কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে তীর নিয়ন্ত্রনাধীন অতিরিক্ত জেলা প্রশাসক/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং কর্মরত বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের মধ্যে হতে (ঢাকা বিভাগ-৬ জন, ময়মনসিংহ বিভাগ-৩ জন, চট্টগ্রাম বিভাগ-৬ জন, খুলনা বিভাগ-৬ জন, রাজশাহী বিভাগ-৫ জন, রংপুর বিভাগ-০৫, বরিশাল বিভাগ-৫ জন এবং সিলেট বিভাগ-৪ জন) কোর্সে অংশগ্রহণ করতে আগ্রহী কর্মকর্তাগণের নামের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ০৮-০১-১৮ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, কক্ষ নং-১৭, ভবন নং -০১, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এবং ই-মেইলে (it2@mopa.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক	পরিচিতি নম্বর	নাম	পদবি	কর্মস্থল	ব্যাচ	মন্তব্য	সেলফোন

বিভাগীয় কমিশনার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

নম্বরঃ ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১২-৩৬৭

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৪
২৩ নভেম্বর ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রশিক্ষণ) জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল).....।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অফিস কপি/মান্টারকপি।

মোহাম্মদ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৬৮৫২
it2@mopa.gov.bd